



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস পালিত

মহান বিজয় দিবস উপলক্ষে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে গতকাল সকালে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন ও ১৯৭১ সালের মহান শহীদদের আত্মার শান্তির জন্য বিশেষ প্রার্থনা করা হয়। একই সাথে দেশ ও জাতির সমৃদ্ধির জন্য বিশেষ মোনাজাত পরিচালনা করা হয়। সেখানে বলা হয়, যে আশা নিয়ে ১৯৭১ সালে মুক্তিযোদ্ধারা জীবন বাজি রেখে যুদ্ধ করেছিলেন, বাংলাদেশ যেন সেই লক্ষ্য বাস্তবায়ন করতে পারে। এই দেশ যেন সব ধরনের স্বভ্রমের মোকাবেলা করে এগিয়ে যেতে পারে। অনুষ্ঠানে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপার্সন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান, কোম্পাঞ্চ এ জেড এম শফিকুল আলম, বিভিন্ন অনুষদের ডীন ও চেয়ারপার্সন, শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীরা অংশ নেন।